



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস রিলিজ

তারিখঃ ২৮/০৯/২০১৯ খ্রিঃ

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের উদ্যোগে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ কন্যা, স্বাধীন বাংলাদেশে '৭৫ পরবর্তী সময়ের ইতিহাসের সবচেয়ে সফল রাষ্ট্রনায়ক, বাংলাদেশ আওয়ামী লীগ সভাপতি মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান দোয়া মোনাজাতে অংশ নেন। দোয়া মোনাজাতে প্রধানমন্ত্রীর সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করা হয়। দোয়া পূর্ব বক্তব্যে উপাচার্য জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে বলেন 'মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার মেধা-মনন, সততা, নিষ্ঠা, যোগ্যতা, প্রাজ্ঞতা, দক্ষতা, সৃজনশীলতা, উদারমুক্ত গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী ও দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ আজ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল রাষ্ট্রে উন্নীত হয়েছে। তিনি আরো বলেন এক সময়ের কথিত 'তলাবিহীন ঝুড়ি দারিদ্র-দুর্ভিক্ষে জর্জরিত যে বাংলাদেশকে অস্তিত্ব টিকিয়ে রাখার সংগ্রাম করতে হয়েছে বর্তমানে জননেত্রী শেখ হাসিনার কল্যাণমুখী নেতৃত্বে সেই বাংলাদেশ আজ বিশ্বজয়ের অভিযাত্রায় এগিয়ে চলেছে এবং বিশ্বসভায় আত্মমর্যাদাশীল জাতি হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। দোয়া মোনাজাতে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ডিন, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, শিক্ষকবৃন্দ, পরিচালকবৃন্দ, দপ্তর প্রধানগন, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস